

💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ মহিলা ও পর্দা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

সেন্ট বা সেন্ট জাতীয় কোন ক্রিম বা পাউডার লাগিয়ে মহিলা বাড়ীর বাইরে যেতে পারে কি?

সেন্ট বা সেন্ট জাতীয় কোন ক্রিম বা পাউডার লাগিয়ে মহিলা বাড়ীর বাইরে যেতে পারে না। শরিয়তে এ ব্যাপারে স্পষ্ট নির্দেশ রয়েছে। নবী (সঃ) বলেছেন, "প্রত্যেক চক্ষুই ব্যভিচারী। আর মহিলা যদি (কোন প্রকার) সুগন্ধ ব্যবহার করে কোন (পুরুষদের) মজলিসের পাশ দিয়ে অতিক্রম করে, তাহলে সে ব্যভিচারিণী (বেশ্যার মেয়ে)" ৫১৯ (আবু দাউদ, তিরমিয়ী, নাসাঈ, ইবনে হিব্বান, ইবনে খিযাইমাহ, হাকেম, সহীহুল জামে ৪৫৪০ নং)

এমন কি মহিলা সেন্ট লাগিয়ে মসজিদে নামায পড়তে গেলেও তার নামায শুদ্ধ হবে না। আবু হুরায়রা (রঃ) কর্তৃক বর্ণিত, একদা চাশতের সময় তিনি মসজিদ থেকে বের হলেন। দেখলেন, একটি মহিলা মসজিদে প্রবেশে উদ্যত। তার দেহ বা লেবাস থেকে উৎকৃষ্ট সুগন্ধির সুবাস ছড়াচ্ছিল। আবু হুরায়রা মহিলাটির উদ্দেশ্য বললেন, "আলাইকিস সালাম"। মহিলা সালামের উত্তর দিল। তিনি তাকে প্রশ্ন করলেন, "কোথায় যাবে তুমি?" সে বলল, "মসজিদে।" তিনি বললেন, "কি জন্য এমন সুন্দর সুগন্ধি মেখেছ তুমি?" সে বলল, "মসজিদের জন্য।" তিনি বললেন, "আল্লাহ্র কসম?" সে বলল, "আল্লাহ্র কসম।" পুনরায় তিনি বললেন, "আল্লাহ্র কসম?" সে বলল, "আল্লাহ্র কসম।" তখন তিনি বললেন, "তবে শোন, আমাকে আমার প্রিয়তম আবুল কাসেম (রঃ) বলেছিলেন যে, 'কোন মহিলার কোন নামায কবুল হয় না, সে তার স্বামী ছাড়া অন্য কারোর জন্য সুগন্ধি ব্যবহার করে; যতক্ষণ না সে নাপাকির গোসল করার মত গোসল করে নেয়।' অতএব তুমি ফিরে যাও, গোসল করে সুগন্ধি ধুয়ে ফেল। তারপর ফিরে এসে নামায পড়ো।" ৫২০ (আবু দাউদ, নাসাঈ, ইবনে মাজাহ, বাইহাকী, সিলসিলাহ সহীহাহ ১০৩১ নং)

আল্লাহ্র রাসুল (সঃ) বলেছেন, " আল্লাহ্র বান্দিদেরকে মসজিদে আসতে বারণ করো না, তবে তারা যেন খোশবু ব্যবহার না করে সাদাসিধাভাবে আসে।" ৫২১ (আহমাদ, আবূ দাউদ, সহীহুল জামে ৭৪৫৭ নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=398

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন